# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২, ফোন-০৯২১-৬২৪০৪।

সূত্রঃ মাভাবিপ্রবি/ ভর্তি পরীক্ষা/ ২০২৪-২০২৫/২১৪

তারিখ ঃ ০৮ ভাদ্র, ১৪৩২
২৩ আগস্ট, ২০২৫

## GST গুচ্ছভূক্ত ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, GST গুচ্ছভুক্ত ২০২৪-২৫ শিক্ষাবর্ষে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১৪ টি শূন্য আসন পূরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://mbstu.ac.bd/admission/) প্রকাশিত তালিকার শিক্ষার্থীদের সাক্ষাতকার আগামী ২৫ তারিখ সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত এবং ২৬ তারিখ সকাল ১০.০০টা থেকে বিকাল ৩.০০টা পর্যন্ত মাভাবিপ্রবি ডিনস' কমপ্লেক্স-এ অনুষ্ঠিত হবে। সাক্ষাতকারে নির্বাচিত শিক্ষার্থীদের প্রাপ্ত বিষয় ২৬ আগস্ট, ২০২৫ তারিখ সন্ধ্যা ৬:০০ টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://mbstu.ac.bd/admission/) প্রকাশ করা হবে। বিষয়প্রাপ্ত শিক্ষার্থীদেরকে ওয়েবসাইট এ চূড়ান্ত ভর্তির নির্দেশনা/গাইডলাইন অনুযায়ী ২৭ ও ২৮ আগস্ট ২০২৫ তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। যে সকল শিক্ষার্থী উল্লিখিত তারিখে স্ব-শরীরে উপস্থিত হতে পারবে না, সে সকল শিক্ষার্থী পরবর্তীতে আর ভর্তির সুযোগ পাবে না।

সাক্ষাতকারের সময় যে সকল কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে:

- এডমিট কার্ডের মূল কপি (পরীক্ষার হলে পর্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরিত),
- এসএসসি ও এইচএসসি এর রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি,
- শিক্ষার্থীদের এনআইডি (না থাকলে জন্ম নিবন্ধন সনদ) কার্ডের মূল কপি,
- এসএসসি ও এইচএসসি এর নম্বরপত্রের মূল কপি।

ভর্তি সংক্রান্ত সকল তথ্য https://mbstu.ac.bd/admission ওয়েবসাইটে পাওয়া যাবে। ভর্তি সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(প্রফেসর ড. মোহাম্মদ মতিউর রহমান)
সদস্য-সচিব, GST ভর্তি পরীক্ষা কমিটি
শিক্ষাবর্ষঃ ২০২৪-২০২৫, মাভাবিপ্রবি ও
ডিন, ইঞ্জিনিয়ারিং অনুষদ, মাভাবিপ্রবি।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:
১। সকল ডিন, মাভাবিপ্রবি।
২। সকল চেয়ারম্যান, মাভাবিপ্রবি।
৩। পরিচালক, আই সি টি সেল, মাভাবিপ্রবি।
৪। উপ রেজিস্ট্রার, ভাইস চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি।
৫। উপ রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি।
৬। নথি।